ত্রিপুরা সরকার


তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৯৮১

আগরতলা, ২৬ নভেম্বর, ২০২৫

**এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের গ্যাস্ট্রোএন্ট্রোলজি ডিপার্টমেন্টে**
**এন্ডোস্কোপির মাধ্যমে মহিলার কোলনোস্কোপিক পলিপ সফল অস্ত্রোপচার**



আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের গ্যাস্ট্রোএন্ট্রোলজি ডিপার্টমেন্টের চিকিৎসা ক্ষেত্রে আবারও একটি যুগান্তকারী সাফল্য অর্জন করলl সম্প্রতি গোমতী জেলার গর্জিমুড়ার ৫৫ বছরের এক মহিলা আলসারেটিভ কলাইটিস উপসর্গ নিয়ে হাসপাতালের সুপার স্পেশালিটি ব্লকের গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগে এসেছিলেন। তিনি বিগত চারবছর ধরে পেটে ব্যথা ও পায়খানার সাথে রক্ত যাওয়া ইত্যাদি সমস্যায় ভুগছিলেন। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের গ্যাস্ট্রোইনটেস্টাইনাল ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে মহিলার কোলোনোস্কোপি করা হয়। এই কোলোনোস্কোপি রিপোর্টে মহিলার খাদ্যনালীতে একটি পলিপ (টিস্যুর অস্বাভাবিক বৃদ্ধি) ধরা পড়ে। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের বিশেষজ্ঞ গ্যাস্ট্রোএন্ট্রোলজিস্ট চিকিৎসক ডাঃ শুভদীপ পাল তখন মহিলার চিকিৎসা শুরু করেন। তিনি অস্ত্রোপচারের মাধ্যমে এই পলিপটি অপসারণ করতে হবে বলে জানান, অন্যথায় এটি ভবিষ্যতে ক্যান্সারে পরিণত হবার ঝুঁকি থাকবে। এদিকে আর্থিক অসচ্ছলতার কারণে মহিলার পরিবার-পরিজনেরা অস্ত্রোপচারের সম্ভাব্য খরচের কথা চিন্তা করে অস্ত্রোপচারে অনীহা প্রকাশ করেন। তখন বিশেষজ্ঞ গ্যাস্ট্রোএন্ট্রোলজিস্ট চিকিৎসক ডাঃ পাল মহিলার অস্ত্রোপচারের ক্ষেত্রে আর্থিক দিক দিয়ে কোনও সমস্যা হবে না বলে জানান। মহিলার আয়ুষ্মান কার্ড থাকাতে এই কার্ডের সহায়তায় সম্পূর্ণ বিনামূল্যেই উক্ত অস্ত্রোপচার করা যাবে বলে ডাঃ পাল মহিলারপরিবার-পরিজনদেরকে আশ্বাস দেন।এরপর গত ২৪ নভেম্বর অত্যাধুনিক অলিম্পাস ইউভি ১৯০ এন্ডোস্কপি মেশিনে এন্ডোস্কোপির মাধ্যমে মহিলার কোলনোস্কোপিক পলিপ সফল অস্ত্রোপচার করা হয়।অস্ত্রোপচারের পর রোগী সুস্থ থাকায় রোগীকে এদিনই হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয়।উল্লেখ্য,আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে সম্পূর্ণ বিনামূল্যে মহিলার এই অস্ত্রোপচার করা হয়। তাতে অস্ত্রোপচারের জন্য রোগীকে কোনও টাকা পয়সা খরচ করতে হয়নি। চিকিৎসকদের মতে এই ধরনের অস্ত্রোপচার করতে যে কোনও বেসরকারি হাসপাতালে প্রায় পঞ্চাশ হাজার টাকার মতো ব্যয় হবে। এই অস্ত্রোপচারে ডাঃ শুভদীপ পালের সাথে নার্সিং অফিসার ছিলেন অপর্ণা দাস, ছায়া রাণী দাস, ওটি টেকনিশিয়ান ছিলেন সুমন শীল, ফার্মাসিস্ট ছিলেন সৌরভ সাহা।বিশেষজ্ঞ গ্যাস্ট্রোএন্ট্রোলজিস্ট চিকিৎসক ডাঃ শুভদীপ পালের প্রচেষ্টার মহিলা সম্পূর্ণ সুস্থ হয়ে উঠেন। এই অস্ত্রোপচারে মহিলা সম্পূর্ণ সুস্থ হয়ে উঠায় মহিলার পরিবার-পরিজনেরা আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের চিকিৎসক সহ সকল স্বাস্থ্যকর্মীদের অসংখ্য ধন্যবাদ জানান। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

*****